**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা পরিষদ**
**মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।**
**www.sadar.munshiganj.gov.bd**

**মুন্সীগঞ্জ সদর উপজেলা পরিষদের এপ্রিল/২০২২ মাসের মাসিক উন্নয়ন ও সমন্বয় সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | জনাব আনিছ উজ্জামান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| **তারিখ** | : | ২১/০৪/২০২২ খ্রিঃ |
| **সময়** | : | ১১.০০ ঘটিকা |
| **স্থান** | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী/পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত বিষয়ে বিভাগ ভিত্তিক কার্যক্রমের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগ ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | <u>উপজেলা প্রকৌশল বিভাগ:</u><br>(১) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও রাজস্ব উন্নয়ন তহবিল হতে ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়নের জন্য ৯ টি ইউনিয়ন হতে প্রাপ্ত স্কীমগুলোকে ২৮ টি প্যাকেজের মাধ্যমে ১৩/০৪/২০২২ ইং তারিখ দরপত্র আহ্বান করা হয়েছে।<br><br>(২) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এলজিইডি কর্তৃক বাস্তবায়িত বিভাগীয় অন্যান্য উন্নয়ন প্রকল্পসমূহের কাজ সন্তোষজনকভাবে চলমান রয়েছে। | (১) দরপত্রসমূহ আগামী ০৯/০৫/২০২২ ইং তারিখে ই-জিপি সিস্টেম অনুযায়ী উন্মুক্ত করা হবে এবং আগামী ১১/০৫/২০২২ ইং উন্মুক্ত লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হবে।<br><br>(২) বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথাযথ চলার জন্য পরিষদ হতে উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ প্রদান করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| ০২ | <u>উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগঃ</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ১ম পর্যায়ের গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) ও গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর বরাদ্দ জেলা হতে অনুমোদন পাওয়া গেছে। দ্রুততম সময়ে বরাদ্দ ছাড় করা হবে। ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচীর আওতায় ২য় পর্যায়ে ১৬.৪৫৫ মে.টন চাল ও ১২,৩৫,৪০৯.৯৮ টাকা বরাদ্দ পাওয়া যায়। প্রাপ্ত বরাদ্দ ,ইউনিয়নওয়ারী উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় ২য় পর্যায়ের ৩৭,২০,০০৪.৯৮ টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ | উন্নয়নমূলক কর্মকান্ড দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে এবং নিয়মিত তদারকি করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মুন্সীগঞ্জ সদর |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ইউনিয়নওয়ারী উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। টিআর ও কাবিখার প্রকল্প তালিকা ইউনিয়ন হতে পাওয়া গেলে জেলায় অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচীর আওতায় ১০ কেজি হারে বিনামূল্যে বিতরণের নিমিত্ত ৯ টি ইউনিয়ন এর জন্য ৪৫২৮ টি কার্ড বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ প্রাপ্ত কার্ড সংখ্যা ইউনিয়নওয়ারী উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ প্রদান কার্যক্রমের আওতায় অত্র উপজেলায় ৩য় পর্যায়ে ১০ টি গৃহের অনুমোদন পাওয়া যায়। গৃহগুলো নির্মাণের জন্য পঞ্চসার ইউনিয়নের রতনপুর গ্রামে (আনসার ক্যাম্প সংলগ্ন) স্থানে জমি পাওয়া যায় সেখানে ঘরের কাজ চলমান। দ্রুততম সময়ে ঘরের কাজ সমাপ্ত করা হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সন্তোষ জনকভাবে চলছে। | | |
| ০৩ | <u>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:</u> উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, চিকিৎসা সেবার মান উত্তরোত্তর বৃদ্ধির চেষ্টা অব্যাহত আছে। তিনি আরও জানান, সদর উপজেলায় উপ-স্বাস্থ্য কেন্দ্র-০২ টি এবং সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা: পুরুষ-৯৮১, মহিলা-১৬৪০, শিশু-২৩৪, মোট=২৮৫৫ জন। চালুকৃত কমিউনিটি ক্লিনিকের সংখ্যা: ১৪ টি, সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা: পুরুষ-৬৪৩৯, মহিলা-৭২৯০, শিশু-৫৫২, মোট=১৪২৮১ জন। শিশু জন্মের সংখ্যা: পুরুষ-৩৪৩, মহিলা-৩০৮, মোট=৬৫১ জন। মাতৃমৃত্যুর সংখ্যা ০১ জন। মৃত্যুর সংখ্যা: ০-৭ দিন=০২ জন, ৮-২৮ দিন=০০ জন, ২৯ দিন-১বৎসর=০১ জন, ১-৫ বছরের মধ্যে=০৮ জন। পানিতে ডুবে মৃত্যু ০০ জন। ০৫ বছরের উর্ধ্বে=৬৫ জন। ই.পি.আই কার্যক্রম: বিসিজি ৯.২%, পেন্টা ৯.২%, পিসিভি ৯.২%, এমআর/১-৯.২%, এমআর/২-৯.২%, টিটি ৯.২%। ডায়রিয়া রোগীর কার্যক্রম: নো-ডিহাইড্রেশন: ১০০৪ জন, সাম-ডিহাইড্রেশন: ১১ জন, মোট=১০১৫ জন। টিবি রোগী (চিকিৎসাধীন) কার্যক্রম: পুরুষ-৩৩ জন, মহিলা-২১ জন, শিশু পুরুষ ০২ জন, শিশু মহিলা- ০১ জন। মোট=৫৭ জন। কুষ্ঠ রোগী (চিকিৎসাধীন) কার্যক্রম: পুরুষ-০৬ জন, মহিলা-০৪ জন, মোট=১০ জন। আর্সেনিকোসিস (চিকিৎসাধীন) কার্যক্রম: পুরুষ-৩৬, মহিলা-৪০, মোট=৭৬ জন। উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। চলমান করোনা ভাইরাস সংক্রমনরোধে সচেতনতা বৃদ্ধিসহ স্বাস্থ্যবিধি অনুসরণে তৎপরতা বৃদ্ধি করা প্রয়োজন। | ক) স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) করোনা ভাইরাস সংক্রমনরোধে ব্যাপক প্রচার চালানোসহ মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি মেনে চলতে জনসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| ০৪ | <u>**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ**</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম তুলে ধরেন। মাসে খাবার বড়ি গ্রহনকারীর সংখ্যা-পুরাতন-৩০,৯৫০ নতুন-৩৫৬ সর্বমোট-৩১,৩০৬ কনডম-পুরাতন-৯,০৬৭ নতুন-২০০ সর্বমোট-৯,২৬৭ ইনজেকশন-পুরাতন-৯,৮৫০ নতুন-২০১ সর্বমোট-১০,০৫১ আই ইউ ডি- পুরাতন-১,৩১৮ নতুন-৯ সর্বমোট-১,৩২৭ ইমপ্ল্যান্ট- পুরাতন-২,৩৮৮ নতুন-৩৬ সর্বমোট-২,৪২৪ স্থায়ী পদ্ধতি ঃ (পুরুষ)-পুরাতন-৪৪১ নতুন-০০ মোট-৪৪১ স্থায়ী (মহিলা)- পুরাতন-৬,৯৫৭ নতুন-৩৪ সর্বমোট-৬,৯৯১ মোট পুরাতন-৬০,৯৭১ মোট নতুন-৮৩৬ সর্বমোট-৬১,৮০৭ গর্ভবতী পরিচর্যা-৯৮৮ গর্ভোত্তর সেবা-৪০০ শিশু সেবা-৬,৪৬৯ সাধারণ রোগী-৭,২৩৯ RTI/STI-৩২১ প্রসব সেবা এমসিডব্লিউসি-১৪ এফডব্লিউসি- | কমিউনিটি ক্লিনিক এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সকল কাজ নিয়মিত মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ১৫ মোট সক্ষম দম্পত্তির সংখ্যাঃ ৮২,৯৩৩ পদ্ধতি গ্রহনকারীর সংখ্যাঃ ৬১,৮০৭ পদ্ধতি গ্রহনকারীর হারঃ ৭৪.৫৩% | | |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা তাঁর বিভাগের কার্যক্রম তুলে ধরেন। ফসল আবাদঃ রবি মৌসুমঃ আলু আবাদ-৯৭৮৫, সরিষা আবাদ-৩৯৫ হেক্টর, মরিচ আবাদ-৬৫ হেক্টর, পেঁয়াজ আবাদ-৬০ হেক্টর, ধনিয়া আবাদ-৪২ হেক্টর, মিষ্টি আলু-১২, শাকসবজি আবাদ-১৩৩৫ হেক্টর এ যাবৎ আবাদ হয়েছে। আবাদ চলমান। বোরো আবাদের লক্ষ্যমাত্রা ১৬২৫ হেক্টর, অর্জন-৯৬০ হেক্টর, ফসলের অবস্থা ভাল আছে। কর্তন: সরিষা আবাদ ৩৯৫ হেক্টর, কর্তন-৩৯৫ হেক্টর, হেক্টর প্রতি ফলন-১.২০ মে.টন। প্রদর্শনীঃ রাজস্ব খাতের অর্থায়নে সরিষা প্রদর্শনীর লক্ষ্যমাত্রা-৪০ টি, অর্জন-৪০ টি, চিনাবাদাম-প্রদর্শনীর লক্ষ্যমাত্রা-২০ টি, অর্জন-২০ টি, ভূট্টা প্রদর্শনীর লক্ষ্যমাত্রা-৩০ টি, অর্জন-৩০ টি, বোরো ধান প্রদর্শনীর-লক্ষ্যমাত্রা-৩০ টি, অর্জন-৩০ টি, চাষী পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন, সংলক্ষণ ও বিতরণ প্রকল্পের প্রদর্শনীর সরিষার লক্ষ্যমাত্রা-৪ টি, অর্জন-৪ টি, মরিচ প্রদর্শনীর- লক্ষ্যমাত্রা -১ টি, অর্জন-১ টি, আধুনিক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের প্রদর্শনীর বোরো ধান প্রদর্শনীর লক্ষ্যমাত্রা-৩ টি, অর্জন-৩ টি স্থাপন করা হয়েছে যা মাঠস্থ আছে। সার, বীজ সরবরাহ ও মজুদ সন্তোষজনক। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | ফলদ বৃক্ষ রোপনে মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়ের দিক নির্দেশনা অনুযায়ী দেশী ফলের চারা/কলম রোপন এর লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। | উপজেলা কৃষি অফিসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় তার বিভাগের কার্যক্রম তুলে ধরেনঃ গবাদিপশুর টিকাদান: ২৬০০, হাঁস-মুরগি টিকাদান: ১৬,৭০০, গবাদিপশুর চিকিৎসা: ৩১২, হাঁস মুরগির চিকিৎসা: ১৩,৭৩২, পোষা প্রাণির চিকিৎসা: ১৬, কৃত্রিম প্রজনন সংখ্যা: ১৫৫৭, সংকর জাতের বাচ্চা জন্ম: ৬৯৫ টি, দুধ উৎপাদন ০.০২৩ লক্ষ মেট্রিক টন, মাংস উৎপাদন: ০.০১৩০ লক্ষ মে. টন এবং ০.৩৯১৬ কোটি ডিম উৎপাদন হয়। রাজস্ব আদায়ঃ টিকাবীজ বিক্রয় বাবদ-৫,১৪৫/- এবং কৃত্রিম প্রজনন ফি বাবদ ৪৬,৭১০/- টাকা মোট ৫১,৮৫৫/- টাকা আদায় হয়েছে। | গবাদিপশু ও হাঁস-মুরগির টিকাদান কার্যক্রম ও নিরাপদ গো-মাংস উৎপাদন জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| ০৭ | উপজেলা মৎস্য বিভাগঃ মাছচাষীদের খামার ও পুকুর পরিদর্শন করে মোট ২৩ জন মাছচাষীকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে। ২০ জন মাছচাষীকে আধুনিক মাছচাষ পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আগামী ৩১ মার্চ/২০২২ হতে এপ্রিল/২০২২ পর্যন্ত জাটকা আহরণে নিরুৎসাহিত করতে "জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২২" উৎযাপন করা হবে। জাটকা সংরক্ষণ সপ্তাহ সফলভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভিন্ন মৎস্য খামার, আড়ৎ ও বাজার পরিদর্শন করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর |
| ০৮ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিভাগ বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতির প্রতিবেদন সভায় তুলে ধরেন।<br>১। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প: ২০২০-২০২১ অর্থ বছরে সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় (প্রতি ইউনিয়নে ২৬ টি করে) ২৩৪ টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপের মধ্যে ১৯০ টির স্থান তালিকা পাওয়া গেছে যার কাজ চলমান।<br>২। পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প: আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দকৃত পাইপড | নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ওয়াটার স্কীম এর কাজ চলমান।<br>৩। GPS/NNGPS: প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্পের আওতায় ১০ টি বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ এর অনুমোদিত তালিকা আসছে। যার মধ্যে ০৫ টির কাজ করা সম্ভব এবং উক্ত ০৫ টি বিদ্যালয়ে কাজ চলমান রয়েছে।<br>৪। PEDP-4: PEDP-4 প্রকল্পের আওতায় ৫ টি ওয়াশব্লকের কাজ চলমান।<br>৫। আর্সেনিক ঝুকি নিরসনঃ ২০২০-২০২১ অর্থ বছরে ৪৯৩ নলকূপের ৩৩০ টির সাইট তালিকা পাওয়া গেছে কাজ চলমান। | | |
| ০৯ | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তার বিভাগের কার্যক্রম সভায় তুলে ধরেন। তিনি জানান যে, ISAS প্রতিষ্ঠানের স্ব মূল্যায়ন কার্যক্রম অনলাইনে চলমান। UID এর কার্যক্রম চলমান। ৫০ তম শীতকালীন খেলাধূলা সুষ্ঠুভাবে সম্পন্ন। জাতীয় শিক্ষাক্রম প্রণয়ন রুপরেখার জন্য ৬ষ্ঠ শ্রেণির কার্যক্রম চলমান। বিনোদপুর রাজকুমার উচ্চ বিদ্যালয়ে নতুন সিলেবাসের বই প্রদান। শিক্ষকদের প্রশিক্ষণ দেয়া হয়েছে। বাস্তবমূখী শিক্ষায় শিক্ষার্থীরা স্বত:স্ফূর্ত। পড়ালেখার ঘাটতি পূরনের জন্য গবেষণা কার্যক্রম অত্র উপজেলার পঞ্চসার দারুসসুন্নাত ইসলামিয়া ফাজিল মাদ্রাসা ও মিরকাদিম হাজী আমজাদ আলী উচ্চ বিদ্যালয় এ অনলাইনে ক্লাস পরীক্ষার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। শিক্ষার্থীরা পারদর্শী হয়ে উঠছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | শ্রেণিকক্ষে নিয়মিত পাঠদান কার্যক্রম চলমান রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| ১০ | <u>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:</u> উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার তার বিভাগের কার্যক্রম সভায় তুলে ধরেন। তিনি বলেন যে, শেখ রাসেল দিবস উদযাপন উপলক্ষে জুম মিটিং এর মাধ্যমে প্রধান শিক্ষকদের করণীয় বিষয় অবহিত করা হয়। ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস উপলক্ষে প্রতিটি বিদ্যালয়ে শিক্ষার্থীদের নিয়ে কেক কাটা হয়, বিদ্যালয় পর্যায়ে শেখ রাসেল কর্ণার ও শেখ রাসেল বুক কর্ণার তৈরি করা হয়, ব্যানার ও ফেস্টুন দিয়ে বিদ্যালয় সজ্জিত করা হয় এবং রচনা, চিত্রাংকন ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। কৃমি নাশক ঔষক খাওয়ানো ও ক্ষুদে ডাক্তার কার্যক্রম বিষয়ে অবহিত করার জন্য ক্লাস্টার পর্যায়ে মিটিং করা হয়। ক্ষুদে ডাক্তার কার্যক্রমের আওতায় প্রতিটি বিদ্যালয়ে ২৩/১০/২০২১ হতে ৩০/১০/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত শিক্ষার্থীদের ওজন মাপা হয় এবং চক্ষু পরীক্ষা করা হয়। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত পাঠদান কার্যক্রম চলমান রাখতে হবে। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| ১১ | <u>মহিলা বিষয়ক বিভাগঃ</u> উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম সভায় তুলে ধরেন। (ভিজিডি) কর্মসূচী: দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) অক্টোবর/২০২১ মাসে ১৩২২ জন উপকারভোগীর মাঝে ৩৯.৬৬ মে.টন খাদ্যশস্য বিতরণ সম্পন্ন হয়েছে। এনজিও কর্মীদের ২ দিন ব্যাপী TOT সম্পন্ন হয়েছে।<br>মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যকৃরম: মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচীর আওতায় অক্টোবর/২০২১ মাসে সার্ভিস চার্জসহ ঋণ আদায়ের পরিমাণ ৪২,৫২৫/- (বিয়াল্লিশ হাজার পাঁচশত পঁচিশ) টাকা এবং মোট অনাদায়ীর পরিমাণ | ক) নিয়মিত প্রশিক্ষণ প্রদানের কেন্দ্র পরিদর্শন করতে হবে।<br>খ) ভিজিডি তালিকা প্রণয়নের ক্ষেত্রে আরও সতর্কতা অবলম্বন করতে হবে।<br>গ) বাল্য বিবাহ প্রতিরোধে তৎপরতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ১০,৭৫,৬৭৫/- (দশ লক্ষ পঁচাত্তর হাজার ছয়শত পঁচাত্তর) টাকা। ব্যাংক স্থিতি ৬,৬৬,৩১৫/- (ছয় লক্ষ ছিষট্টি হাজার তিনশত পনের) টাকা। কিশোর কিশোরী ক্লাব প্রকল্পের আওতায় মুন্সীগঞ্জ জেলায় ১১ টি ক্লাবের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে চলমান আছে। মুন্সীগঞ্জ সদর উপজেলায় ১১ টি ক্লাবে সাংস্কৃতিক উপকরণ, ক্রীড়া সামগ্রী ও মনিহারী দ্রব্যাদি বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। | | |
| ১২ | <u>উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ</u> উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, আত্মকর্মীর সংখ্যা ৫৬ জন এবং ২১০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। যুবঋণ বিতরণ করা হয়েছে ১৫,২০,০০০/- টাকা। যুবঋণ গ্রহীতার সংখ্যা ২২ জন। আদায়যোগ্য টাকার পরিমাণ ১৮,৭৯,৮০০/- টাকা। আদায়কৃত টাকার পরিমাণ ১৬,৫৬,৭০০/- টাকা। আদায়ের হার ৮৫%। ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৬%। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ঋণ বিতরণ কার্যক্রম সুন্দরভাবে করতে হবে এবং যথা সময়ে ঋণ আদায় করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| | | | |
| ১৩ | <u>উপজেলা সমাজসেবা বিভাগঃ</u> এ বিভাগের কার্যপত্র পাওয়া যায়নি বিধায় আলোচনা করা সম্ভব হয়নি। | | উপজেলা সমাজসেবা অফিসার, মুন্সীগঞ্জ সদর |
| ১৪ | <u>উপজেলা সমবায় বিভাগ:</u> উপজেলা সমবায় অফিসার তার বিভাগের কার্যক্রম তুলে ধরেন। তিনি বলেন ২০২১-২২ অর্থ বছরে ৪ টি ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণে মোট ১০০ জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সমবায় অফিসার আরো জানান যে, বর্তমান অর্থ বছরে ৭০ জনের মধ্যে মোট ১৪,০০,০০০/- (চৌদ্দ লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয় এবং ৬ টি কিস্তি আদায় করা হয় যার পরিমান ৪,০০,১৮০/- (চার লক্ষ একশত আশি) টাকা। সাধারণ (বিভাগীয়) ১১,৬৬০/-টাকা, কেন্দ্রীয় (পউবি) ৪৩৫০/-টাকা, কেন্দ্রীয় সাধারণ ২৫০০/-টাকা অডিট ফি ধার্য হয়েছে যা ১০০% আদায় হয়েছে। সাধারণ সমিতির সিডিএফ ৩৪৯১/- টাকা, কেন্দ্রীয় সমিতির সিডিএফ ১৩৪২/- টাকা ধার্য হয়েছে। আদায় হয়েছে ১০০%। বিভাগীয় নিয়মিত কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | সমবায় সমিতির সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং সমবায় সমিতির কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| ১৫ | <u>উপজেলা বন বিভাগঃ</u> উপজেলা বন কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম তুলে ধরেন। ২০২১-২২ অর্থ বছরে মুন্সীগঞ্জ সদর নার্সারীতে জনগণের মাঝে সরকারী মূল্যে বিক্রয়/বিতরণের জন্য ৭৫,০০০ টি চারা উত্তোলনের কাজ চলমান আছে। উক্ত চারা আগামী বর্ষা মৌসুমে বিক্রয়/বিতরণ করা হবে। সড়ক ও জনপথ বিভাগের অনুরোধের প্রেক্ষিতে মুন্সীরহাট হতে চরডুমুরিয়া রাস্তার ৭০ টি মরা ও ঝুকিপূর্ণ গাছের মার্কিং তালিকা প্রস্তুত করা হয়েছে। উক্ত গাছ বিধি মোতাবেক টেন্ডারের জন্য মার্কিং তালিকা বিভাগীয় বন কর্মকর্তা সামাজিক বন বিভাগ, ঢাকা মহোদয় সমীপে প্রেরণ করা হবে। মিরেশ্বরাই হতে পঞ্চসার জিয়সতলা রাস্তায় বেশকিছু মরা ও ঝুকিপূর্ণ গাছ বিপদজনক অবস্থায় আছে। উক্ত গাছগুলো যেকোন সময় ঝড়ে উপড়ে গিয়ে জানমালের মারাত্মক ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই উক্ত ঝুকিপূর্ণ ও মরা গাছগুলো মার্কিং তালিকার কাজ চলমান আছে। পূর্ণাঙ্গ মার্কিং তালিকা তৈরি হলে বিধি মোতাবেক টেন্ডার করার জন্য | বিভাগীয় কাজ সুচারুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা বন ও পরিবেশ কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | মার্কিং তালিকা বিভাগীয় বন কর্মকর্তা সামাজিক বন বিভাগ, ঢাকা সমীপে প্রেরণ করা হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১৬ | পল্লী উন্নয়ন বোর্ড: উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তার বিভাগের কার্যক্রম সভায় তুলে ধরেন। তিনি বলেন সদর উপজেলায়<br>১। মোট সমিতি/দল : ২২৬ টি<br>২। মোট সদস্য : ৪৮৭২ জন<br>৩। শেয়ার জমা : মাসে জমা-.০০ লক্ষ, অর্থ বছরে-০.০০ লক্ষ, সর্বমোট-১১.২৬ লক্ষ<br>৪। সঞ্চয় জমা : মাসে জমা-.৩৮ লক্ষ, অর্থ বছরে জমা-২.৩৯ লক্ষ, সর্বমোট-৮৫.৫৮ লক্ষ<br>৫। ঋণ বিতরণ : মাসে বিতরণ-.১২.৪৯ লক্ষ, অর্থ বছরে বিতরণ-৩২.১৫ লক্ষ, সর্বমোট বিতরণ-২১০০.৯৪ লক্ষ<br>৬। ঋণ আদায়: মাসে আদায়-১৪.১৯ লক্ষ, অর্থ বছরে আদায়-২৮.৫৭ লক্ষ, সর্বমোট আদায়-১২৩.৭৬ লক্ষ, আদায়ের হার-৯১% ২০২১-২২ অর্থ বছরে ১১৬ জন সদস্যের মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে। | ঋণ বিতরণ কার্যক্রম সুন্দরভাবে করতে হবে এবং যথাসময়ে ঋণ আদায় করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আরও জানান যে, উপজেলা প্রশিক্ষণ ইউনিট ভবনের সামনে যে মেহগনি গাছ রয়েছে গাছের তলায় মাটি না থাকায় যেকোন সময় গাছ উপড়ে বিল্ডিংসহ জানমালের ক্ষতি হতে পারে। তাই অতি দ্রুত উক্ত গাছগুলো অপসারণের জন্য এবং গাইড ওয়াল নির্মাণ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | অতি দ্রুত উক্ত গাছগুলো অপসারণের জন্য এবং গাইড ওয়াল নির্মাণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৭ | উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম তুলে ধরেন। তিনি বলেন-<br>১। দাগগুচ্ছ জরিপ ২য় পর্ব প্রস্তুত করে জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>২। আখ, লাল শাক, কুল ও মিষ্টি আলু ফসলের আনুমানিক হিসাব জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>৩। সরিষা ফসলের আনুমানিক হিসাব জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>৪। মাসিক কৃষি মজুরির তথ্য সংগ্রহ করে জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>৫। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। বিভাগীয় কাজে কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ সুচারুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| ১৮ | আমার বাড়ি আমার খামারঃ আমার বাড়ি আমার খামার প্রকল্পের সমিতির সংখ্যা ২৪৪ টি, সদস্য সংখ্যা ১১২৯৬ জন। ২০২১-২২ অর্থ বছরে সঞ্চয় আদায় হয়েছে ৪৬.৬৪ টাকা ক্রমপুঞ্জিত আদায় ৬২৩.৪২ টাকা (লক্ষ টাকায়)। ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১২২২.১৮ টাকা, অর্জিত হয়েছে ৬৪০.১৯ টাকা, ক্রমপুঞ্জিত বিতরণ ২৯৬৪.৫২ টাকা। ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১২২২.১৮ টাকা, অর্জিত হয়েছে ৫৭১.৫৪ টাকা, ক্রমপুঞ্জিত আদায় ২০০৫.৫৯ টাকা। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলছে। | ঋণ বিতরণ কার্যক্রম সুন্দরভাবে করতে হবে এবং যথাসময়ে ঋণ আদায় করতে হবে। | এবাএখা কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |

CS CamScanner

৭

| | | | |
|---|---|---|---|
| ১৯ | পল্লী দারিদ্র্য বিমোচনঃ পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, মোট সমিতির সংখ্যা ৪৩ টি, সদস্য সংখ্যা ১৩৭৬ জন, নারী উদ্যোক্তা সদস্য সংখ্যা ৬৪ জন, ক্ষুদ্র উদ্যোক্তা সংখ্যা ৮৯ জন এবং মোট সদস্য সংখ্যা ১৫২৯ জন। তাদের মধ্যে এ পর্যন্ত ১৪২০ জনকে ১৬৩.৭৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায় হয়েছে ১২৯৩.৯৪ লক্ষ টাকা এবং আদায়ের হার ৯৮%। উপকারভোগীদের সঞ্চয় জমা আছে ১৬৩.৭৭ লক্ষ টাকা। বিভাগীয় কাজকর্ম সুন্দর ও স্বাভাবিকভাবে চলছে। | ঋণ বিতরণ কার্যক্রম সুন্দরভাবে করতে হবে এবং যথাসময়ে ঋণ আদায় করতে হবে। | পিডিবিএফ কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| ২০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম তুলে ধরেন। তিনি সভায় জানান যে, মিরকাদিম খাদ্য গুদামে ও কাটাখালী খাদ্য গুদামে মোট সিদ্ধ চাল ৩২৬১.০০ মে.টন এবং মোট গম ৩৩৫.০০ মে.টন মজুদ রয়েছে। সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণ তার ইউনিয়নের যে সকল কার্ডধারী ভোক্তা মৃত্যুবরণ করেছেন, সচ্ছল হয়েছেন, অথবা বিদেশে/অন্যত্র চলে গেছেন তাদের নামের কার্ডগুলো সংগ্রহ করে নতুন নাম অন্তর্ভুক্ত করার লক্ষ্যে আবেদন করে বিধি মোতাবেক হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও যে সকল ভোক্তার কার্ড এর খাদ্যসশ্য বিতরণ লেখার ঘরগুলো শেষ হয়ে গেছে উক্ত কার্ডগুলো সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সাহেব নিজ উদ্যোগে সংগ্রহ করে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে জমা দিয়ে পুনঃরায় কার্ড করে নেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। | নিয়মিত বাজার মনিটরিং করতে হবে। খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় ইস্যুকৃত কার্ডগুলোর তথ্য হালনাগাদ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| ২১ | বিএডিসি (সেচ) বিভাগঃ উপ-সহকারী প্রকৌশলী তার বিভাগের কার্যক্রম সভায় তুলে ধরেন। তিনি সভায় জানান যে, গত ২০২১-২২ অর্থ বছরে ডিপিপি অন্তর্ভুক্ত স্কিমগুলোসহ নতুন আবেদনকৃত বিভিন্ন স্কিম সরেজমিনে বাস্তবতা ও প্রয়োজনীয়তা যাচাই বাছাইয়ের উপর ভিত্তি করে চলতি অর্থ বছরে কাজের তালিকা প্রস্তুত করা হয়েছে। এমতাবস্থায় চলতি মাসেই উপজেলা সেচ কমিটির সাথে আলোচনা সাপেক্ষে কাজের চূড়ান্ত তালিকা তৈরি এবং অনুমোদন পূর্বক কাজগুলো দ্রুত শুরু করার ব্যাপারে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিএডিসি (সেচ) কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| ২২ | উপজেলা নির্বাচন বিভাগ: উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে মুন্সীগঞ্জ সদর উপজেলা নির্বাচন অফিসে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সেবার মান বৃদ্ধি করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, মুন্সীগঞ্জ সদর |
| ২৩ | বিদ্যুৎ বিভাগ: ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, মুন্সীগঞ্জ সদর সভায় বলেন যে, পল্লী বিদ্যুতের গ্রাহক সংখ্যা ৮১,২৫১ জন। মোট বিদ্যুতায়ন ১৬৭ গ্রাম, নতুন লাইন নির্মাণ করা হয় ৬২৫ কিঃমিঃ। ট্রান্সফরমার ও তার চুরির বিষয়ে সকলকে সতর্ক থাকতে হবে। ট্রান্সফরমার চুরি রোধে শিকল, তালা ও ট্রান্সফরমার চুরি রোধক যন্ত্র ব্যবহার করার বিষয়ে মোটিভেশন মিটিং করা হচ্ছে এবং তার সাথে সাথে মাইকিং করা হচ্ছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের কার্যক্রম চলছে। | বিভাগীয় কাজ সুচারুভাবে সম্পন্ন করতে হবে। | ডি.জি.এম পবিস, মুন্সীগঞ্জ সদর জোনাল অফিস |
| ২৪ | উপজেলা আনসার ও ভিডিপিঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম তুলে ধরেন। মুন্সীগঞ্জ সদর উপজেলায় ২৩ টি (কেপিআই) সংস্থায় সর্বমোট ১৬৭ জন আনসার সদস্য দায়িত্ব পালন | নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | করছে। আইন শৃংখলা নিয়ন্ত্রণে বাহিনীর সকল সদস্য-সদস্যাগণ আইন প্রয়োগকারী সংস্থাকে সার্বিক সহায়তা প্রদান করে আসছে এবং বিভিন্ন কেপিআই গার্ডগুলোতে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা ও প্রশিক্ষক/প্রশিক্ষিকা নিয়মিত পরিদর্শন চলমান রয়েছে। | | কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| ২৫ | উপজেলা আইসিটি বিভাগ: উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, বিভাগীয় যাবতীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজ সুচারুভাবে সম্পন্ন ও তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা সহকারী প্রোগ্রামার, মুন্সীগঞ্জ সদর |
| ২৬ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) স্থানীয় সরকার বিভাগ: উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, বিভাগীয় যাবতীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজ সুচারুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, মুন্সীগঞ্জ সদর |
| ২৭ | উপজেলা তথ্যসেবা (তথ্য আপা) অফিস: তথ্য আপা প্রকল্প তথ্যসেবা কর্মকর্তা তার দপ্তরের কার্যক্রম তুলে ধরেন। উপজেলা তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় যাবতীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তথ্যকেন্দ্রের মোট সেবা গ্রহীতার সংখ্যা ১০০০ জন। ডোর টু ডোর এর মোট সেবা গ্রহীতার সংখ্যা ৮০০ জন। উঠান বৈঠকের সংখ্যা ৪ টি। উঠান বৈঠকে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ২০০ জন। প্রতি তিন মাস অন্তর উপজেলা বাস্তবায়ন কমিটির ১ টি সভা সভা করতে হবে। | যথাসময়ে উপজেলা বাস্তবায়ন কমিটির সভা আয়োজন করতে হবে। | উপজেলা তথ্যসেবা (তথ্য আপা) কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর |
| ২৮ | বিবিধঃ সভাকে অবহিত করা হয় যে, বার বার অনুরোধ করার পরও অনেক বিভাগের তথ্য সময়মতো পাওয়া যায় না, ফলে কার্যপত্র প্রস্তুতে সমস্যা হয়। সভার ০৩ দিন পূর্বে যে বিভাগের কার্যপত্র পাওয়া যাবে না সে বিভাগের আলোচনা কার্যবিবরণীতে কর্মতৎপরতা নেই মর্মে লিপিবদ্ধ হবে। | মাসিক সভার ৩ দিন পূর্বে বিভাগীয় কার্যপত্র সংশ্লিষ্ট শাখায় জমা নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| | ক. আপ্যায়ন ব্যয়: (১) আলোচ্য মাসের আপ্যায়ন ব্যয়-৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>(২) উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভার ব্যয় বাবদ-৮,০০০/- (আট হাজার) টাকা।<br>খ. আনুষঙ্গিক: আনুষঙ্গিক খরচ বাবদ ব্যয়- ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>গ. উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ভাতা: উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ সদর, চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এঁর এপ্রিল/২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ-৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা।<br>ঘ. মালি/সুইপার: (১) উপজেলা পরিষদের অস্থায়ী মালির এপ্রিল/২০২২ মাসের দৈনিক কাজের মজুরী বাবদ-১৪,৩০০/- (চৌদ্দ হাজার তিনশত) টাকা।<br>(২) উপজেলা পরিষদের অস্থায়ী পরিচ্ছন্নতাকর্মীর এপ্রিল/২০২২ মাসের দৈনিক কাজের মজুরী বাবদ-১৩,০০০/- (তের হাজার) টাকা।<br>ঙ. পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত: উপজেলা পরিষদের পানির পাম্প সার্ভিসিং ও টাংকি পরিস্কার বাবদ-১০,০০০/- (দশ হাজার) টাকা।<br>চ. বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা: উপজেলা পরিষদের ভিতরে | উক্ত ব্যয়সমূহ সভায় অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | অবস্থিত পুকুরের চারপাশ পরিস্কার পরিচ্ছন্নতা এবং শ্রমিক মজুরী বাবদ-১৫,০০০/- (পনের হাজার) টাকা।<br>ছ. অফিস সরঞ্জাম ক্রয়: (১) উপজেলা পরিষদের জন্য ল্যাপটপ, সাউন্ড সিস্টেম ক্রয় বাবদ-২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>(২) উপজেলা পরিষদের জন্য বৈদ্যুতিক পাখা ও ইলেকট্রিক সামগ্রী ক্রয় বাবদ-২০,০০০/- (বিশ হাজার) টাকা।<br>জ. আসবাবপত্র সংগ্রহ/মেরামত: উপজেলা পরিষদ মিলনায়তনে আসবাবপত্র ক্রয় বাবদ-১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত: উপজেলা পরিষদের ফটোকপিয়ার মেশিন মেরামত বাবদ-২৫,০০০/ (পঁচিশ হাজার) টাকা।<br>ঝ. যানবাহন মেরামত: মুন্সীগঞ্জ ঘ-১১-০০১৩ নং পাজেরো জিপ গাড়ির মেরামত বাবদ-৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/৪/২২

আনিছ উজ্জামান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি

তারিখ ঃ ২৬ এপ্রিল ২০২২ খ্রিঃ

স্মারক নং-০৫.৩০.৫৯৫৬.০০৬.০১.০০১.১৯-৫৭(৪০ )

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১. মাননীয় সংসদ সদস্য,মুন্সীগঞ্জ-০৩
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকারবিভাগ,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১. মেয়র, মুন্সীগঞ্জ/মিরকাদিম পৌরসভা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
০২. উপজেলা ..............................................অফিসার, মুন্সীগঞ্জ সদর
০৩. চেয়ারম্যান .............................................ইউনিয়ন পরিষদ (সকল), মুন্সীগঞ্জ সদর
০৪. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মুন্সীগঞ্জ
০৫. অফিস কপি

হোসাইন মো. আল-জুনায়েদ
উপজেলা নির্বাহী অফিসার
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ

CamScanner